গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর
শের-ই- বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

## নিবিড় পরিবীক্ষণের জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শকের কার্যপরিধি (ToR):

### ক. প্রকল্পের বিবরণী:

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রকল্পের নাম | : | ইম্প্রুভমেন্ট অফ রোড সেফটি ব্ল্যাক স্পটস অন ন্যাশনাল হাইওয়েজ |
| ২. | উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | : | সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ৩. | বাস্তবায়নকারী সংস্থা | : | সড়ক ও জনপথ অধিদপ্তর |
| ৪. | প্রকল্পের অবস্থান | : | সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার বিভিন্ন উপজেলায় |

**৫. প্রাক্কলিত ব্যয় ও বাস্তবায়নকাল :**

(লক্ষ টাকায়)

| **অনুমোদনের পর্যায়** | **প্রাক্কলিত ব্যয়**<br>মোট:<br>জিওবি:<br>পিএ:<br>নিজস্ব অর্থা: | **বাস্তবায়নকাল** | **ব্যয় হ্রাস/বৃদ্ধি (%)** | |
|---|---|---|---|---|
| | | | **মূল ডিপিপির তুলনায়** | **সর্বশেষ সংশোধিত ডিপিপি'র তুলনায়** |
| মূল অনুমোদিত | ১৬৫০০.০৬<br>১৬৫০০.০৬<br>-<br>- | জুলাই, ২০১৪ হতে জুন, ২০১৬ | - | - |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | - | জুলাই, ২০১৪ হতে জুন, ২০১৭ | - | - |

৬. ক্রমপুঞ্জিত অগ্রগতি জুন ২০১৬ : আর্থিক ৬২৫৩.০০ লক্ষ টাকা (৩৭.৯০%)।

৭. প্রকল্পের উদ্দেশ্যঃ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো-চিহ্নিত দূর্ঘটনাপ্রবণ স্থান/এলাকা, তথা Black Spots গুলোতে সড়কের সংস্কার ও উন্নয়নের মাধ্যমে দেশের সড়ক নিরাপত্তা জোরদার করা।

৮. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গাসমূহঃ

- সড়ক বাঁধে মাটির কাজ-১২.০৯ লক্ষ ঘন মিটার
- ফ্লেক্সিবল পেভমেন্ট নির্মাণ- ৯৮০০ মিটার
- সার্ভিস লেনসহ ফ্লেক্সিবল পেভমেন্ট নির্মাণ ১৮৬৩০.০০ মিটার
- ফ্লেক্সিবল পেভমেন্ট নির্মাণ ৩০০ মিটার
- হার্ডশোল্ডার নির্মাণ ৪৬০০ মিটার
- কারেকশন অব সুপার এলিভেশন ৬০০ মিটার
- রোড ডিভাইডার/ব্যারিয়ার নির্মাণ- ১১২০০ মিটার
- ফুটওভারব্রীজ নির্মাণ ৫০ মিটার

## খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

### ৯.০ পরামর্শকের দায়িত্বঃ

৯.০ পরামর্শকের কার্যপরিধি (ToR): প্রকল্পটির নিবিড় পরিবীক্ষণের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিম্নরুপ দায়িত্ব পালন করবে, কিন্তু সীমাবদ্ধ নয়;

৯.১ প্রকল্পের বিবরণ (প্রকল্পের নাম, উদ্যোগী মন্ত্রণালয়, বাস্তবায়নকারী সংস্থা, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয়, বছরভিত্তিক ব্যয় প্রাক্কলন, প্রকল্পের উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, অর্থায়ন, প্রকল্পের পটভূমি ইত্যাদি সংশ্লিষ্ট সকল তথ্য পর্যালোচনা);

৯.২ প্রকল্পের সার্বিক এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

৯.৩ প্রকল্পের উদ্দেশ্যের বিপরীতে অর্জিত অগ্রগতি বিশ্লেষণ ও পর্যালোচনা;

৯.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত /চলমান বিভিন্ন পণ্য , কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইড লাইনস্ ইত্যাদি ) প্রাতিপালন করা হয়েছে /হচ্ছে কি না তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে দরপত্র প্রক্রিয়াকরণ ও মূল্যায়ন পর্যালোচনা করা বাঞ্চনীয় ; ডিপিপিতে বর্ণিত ক্রয় কার্যক্রমের প্যাকেজসমূহ ভাঙ্গা হয়েছে কিনা , ভাঙ্গা হলে তার কারণ যাচাই এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে হয়েছে কিনা তা পরীক্ষা করা প্রয়োজন);

৯.৫ প্রকল্পের আওতায় সংগৃহিত /সংগৃহিতব্য পণ্য , কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণসহ আনুষাঙ্গিক বিষয়াদি নিয়ে পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৯.৬ প্রকল্পের আওতায় সংগৃহিত /সংগ্রহের প্রক্রিয়াধীন পণ্য , কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত BoQ অনুযায়ী পরিমাণ সংগ্রহ এবং স্পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান নিশ্চিত করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ ও পর্যালোচনা (এক্ষেত্রে স্পেসিফিকেশন অনুযায়ী গুণগতমান নিশ্চিত করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায় হতে নমুনা সংগ্রহ ও গবেষণাগারে পরীক্ষার মাধ্যমে যাচাই করা বাঞ্চনীয়। এছাড়া মাঠ পর্যা য় হতে সরেজমিন পরিদর্শন Individual Interview, KII (Key Informant Information) & FGD (Focus Group Discussion) এর মাধ্যমে তথ্য সংগ্রহ করতে হবে);

৯.৭ ডিপিপি-তে বছর ভিত্তিক অর্থ চাহিদা ও সে অনুযায়ী বরাদ্দ পাওয়া গেছে কিনা অর্থাৎ মন্ত্রণালয়ের বাস্কেট অনুযায়ী প্রকল্প নেয়া হয়েছে কিনা এবং প্রকল্পের শুরু হতে কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে/হচ্ছে কিনা তা পরীক্ষা করা; পরিকল্পনার সাথে ব্যত্যয় ঘটলে তা চিহ্নিত করে প্রতিকারে পরামর্শ এবং ভবিষ্যতের জন্য সুপারিশ প্রদান;

৯.৮ নির্ধারিত সময়ে প্রকল্পের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে ডিপিপি প্রনয়ন যথাযথ ছিল কিনা তা বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;

৯.৯ প্রকল্পের সম্ভাব্য exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;

৯.১০ সড়ক নিরাপত্তার প্রেক্ষাপট বিবেচনায় প্রকল্পটি গ্রহণের যৌক্তিকতা যাচাই;

৯.১১ প্রকল্পের SWOT বিশ্লেষণ ; এক্ষত্রে সার্বিকভাবে চিহ্নিত সবলতা, ত্রুটি, দূর্বলতা বা অসঙ্গতি পর্যালোচনা ও ত্রুটি, দূর্বলতা উত্তোরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন;

৯.১২ প্রকল্প সংশ্লিষ্ট প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা; এবং

৯.১৩ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।

**১০.০ ফার্ম ও ফার্মের পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:**

| ক্র: নং | ফার্ম ও ফার্মের পরামর্শক | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১) | ফার্ম | - | ● গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা; |
| ২) | ক) টিম লিডার- | সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে। | ● সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতাসহ সড়ক সেক্টরে কাজের ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ;<br>● পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর) -এর বিষয়ে কাজ করার অভিজ্ঞতা ;<br>● কম্পিউটারের কাজে দক্ষতা ।<br>● উপস্থপনা দক্ষতা (Presentation Skill) |
| | খ) মিড-লেভেল ইঞ্জিঃ | নূন্যতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি | ● সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সড়ক পরিবহন সেক্টরে কাজের ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা ; |
| | গ) সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ | নূন্যতম সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি | ● সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ সড়ক পরিবহন সেক্টরে কাজের ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা ; |
| | ঘ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ | অর্থনীতি/সমাজবিজ্ঞান/ পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি | ● আর্থ-সামাজিক গবেষণা সংশ্লিষ্ট কাজে ক মপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;<br>● বিভিন্ন Statistical Software Package পরিচালনায় দক্ষতা; |

১১.০ নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবে:

| ক্র নং | প্রতিবেদনের নাম | দাখিলের সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১) | ইনসেপশন রিপোর্ট | চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে | |
| ২) | ১ম খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে | |
| ৩) | ২য় খসড়া প্রতিবেদন | চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে | |
| ৪) | চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজীতে ২০ কপি) | চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে | |

১২.০ ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান ইত্যাদি।